

AP
জাতি উন্নয়ন
১৫/১১/১৫

সূত্রঃ ০৩.৮০৪.০০.০০.০০.৭৫.২০১৫/১৭২৭

তারিখ: ১০ই নভেম্বর, ২০১৫ ইং


বিষয়: ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ ক) স্মারক নং ০৩.৮০৪.০০.০০.০০.৭৫.২০১৫/১৬৬৫

তারিখ: ৪ই নভেম্বর, ২০১৫ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্প থেকে ডিজিটাল সেন্টারের নারী উদ্যোক্তাদের সক্রিয় উপস্থিতি নিশ্চিতকরণে এটুআই প্রকল্প এবং মাইক্রোসফট ডিজিটাল সেন্টারে নারী উদ্যোক্তাদের হার্ডওয়্যার এবং সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য ২ দিনের একটি কর্মসূচী হাতে নিয়েছে। প্রশিক্ষণ কর্মসূচী প্রতিটি জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত প্রশিক্ষণ নেয়ার মাধ্যমে নারী উদ্যোক্তাগণ হার্ডওয়্যার এবং সফটওয়্যার সংক্রান্ত কাজে নিজেদের দক্ষতা বৃদ্ধি পাশাপাশি এলাকায় জনগনকে ট্রাবলশুটিং বিষয়ে সেবা প্রদান ও নিজেদের আয় বৃদ্ধি করতে সক্ষম হবে। এক্ষেত্রে আপনার জেলার ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারের সকল নারী উদ্যোক্তার অংশগ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য, প্রতিটি কেন্দ্র থেকে এক বা ততোধিক নারী উদ্যোক্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে। যেসকল নারী উদ্যোক্তারা এখনও নিবন্ধন করে নি তাদের সহ বিকল্প নারী উদ্যোক্তাদের Digital Centre Management System (dcms.e-service.gov.bd) -এ আগামী ১৮ নভেম্বরের মধ্যে নিবন্ধন করা আবশ্যিক। নিবন্ধন সংক্রান্ত যেকোন প্রয়োজনে অনুপম হাসান, এটুআই প্রোগ্রাম (ই-মেইল-anupamhasan1@gmail.com) এই ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায়, উপরোক্ত ২ দিনের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ২৫ - ২৬ নভেম্বর, ২০১৫ তারিখে আয়োজন করা প্রয়োজন। এ লক্ষ্যে, ইউনিয়ন ও পৌরসভার সকল নারী উদ্যোক্তার উপস্থিতি এবং প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে আয়োজন করা জন্য আপনাকে অনুরোধ করা হল।



(কবির, বিন, আনোয়ার)

মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়

এবং

প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম

ফোন: ৯১৪৪৮৪৮

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, (ময়মনসিংহ/ টাঙ্গাইল/ চট্টগ্রাম/ খুলনা/ যশোর/ বগুড়া/ রাজশাহী/ সিরাজগঞ্জ/ নাটোর/ পাবনা/ পঞ্চগড়/ দিনাজপুর/ রংপুর/ সিলেট/ ঢাকা)

অনুলিপি:

১। বিভাগীয় কমিশনার, (ঢাকা, খুলনা, রাজশাহী, সিলেট, চট্টগ্রাম, রংপুর)